# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ২৭৪

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. সালাত সম্পাদনের পদ্ধতি - নাবী (ﷺ) এর সালাতের বৈশিষ্ট্য

আরবী

وَعَنْ عَائِشَةَ ـ رَضِيَ اللَّهُ عَنْهَا ـ قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يَسْتَفْتِحُ الصَّلَاةَ بِالتَّكْبِيرِ, وَالْقِرَاءَةَ: بِـ (الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ) وَكَانَ إِذَا رَكَعَ لَمْ يُشْخِصْ رَأْسَهُ, وَلَمْ يُصَوِّبْهُ, وَلَكِنْ بَيْنَ ذَلِكَ. وَكَانَ إِذَا رَفَعَ مِنَ الرُّكُوعِ لَمْ يَسْجُدْ حَتَّى يَسْتَوِيَ قَائِمًا. وَإِذَا رَفَعَ مِنَ السُّجُودِ لَمْ يَسْجُدْ حَتَّى يَسْتَوِيَ جَالِسًا. وَكَانَ يَقُولُ فِي كُلِّ رَكْعَتَيْنِ التَّحِيَّةَ. وَكَانَ يَفْرِشُ رِجْلَهُ الْيُسْرَى وَيَنْصِبُ الْيُمْنَى. وَكَانَ يَنْهَى عَنْ عُقْبَةِ الشَّيْطَانِ, وَيَنْهَى أَنْ يَفْتَرِشَ الرَّجُلُ ذِرَاعَيْهِ افْتِرَاشَ السَّبُعِ. وَكَانَ يُخْتِمُ الصَّلَاةَ بِالتَّسْلِيمِ. أَخْرَجَهُ مُسْلِمٌ, وَلَهُ عِلَّةٌ

ضعيف. رواه مسلم (498)، وأما عن علته، فقد أفصح الحافظ عنها في «التلخيص» (1/ 217) فقال: «هو من رواية أبي الجوزاء عنها، وقال ابن عبد البر: هو مرسل، لم يسمع أبو الجوزاء منها»، وقال الحافظ نفسه عن ذات الإسناد في موضع آخر: رجال إسناده ثقات، لكن فيه انقطاع

বাংলা

২৭৪. 'আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকবীর তাহরীম (আল্লাহু আকবার) দ্বারা সালাত ও 'আলহামদুলিল্লাহ রাব্বিল আলামীন' দ্বারা কিরাআত আরম্ভ করতেন। আর যখন রুকু' করতেন তখন মাথা না উঁচু রাখতেন, না নিচু- বরং সোজা সমতল করতেন। আবার যখন রুকু' থেকে মাথা উঠাতেন তখন সোজা হয়ে না দাঁড়িয়ে সিজদাতে যেতেন না; পুনরায় যখন সিজদা থেকে মস্তক উঠাতেন তখন

সোজা হয়ে না বসে দ্বিতীয় সিজদাতে যেতেন না। আর প্রত্যেক দু'রাক'আতের শেষে আত্তাহিয়াতু পাঠ করতেন ও বাম পায়ের পাতা বিছিয়ে তার উপর (ভর করে) বসতেন ও ডান পায়ের পাতা খাড়া রাখতেন। আর 'উকবাতুশ শায়তান'[1] নামক আসনে বসতে নিষেধ করতেন। আর হিংস্র জন্তুর ন্যায় কনুই পর্যন্ত দু' হাতকে মাটিতে স্থাপন করতে নিষেধ করতেন, আর সালামের মাধ্যমে সালাত সমাপ্ত করতেন। এর সানাদে কিছু দূর্বলতা রয়েছে।[2]

## ফুটনোট

[1] এ বসার ধরন হচ্ছে- নিতম্বকে যমীনের সাথে লাগিয়ে দুই হাঁটু খাড়া অবস্থায় থাকবে। আর হাতের দুই তালু যমীনে থাকবে।

[2] মুসলিম ৪৯৮, আবূ দাউদ ৭৮৩, ইবনু মাজাহ ৮১২, ৮৬৯, ৮৯৩, আহমাদ ২৩৫,১০, ২৪২৭০, দারেমী ১২৩৬।

[মুহাক্কিক সুমায়র আয-যুহরী (রহঃ) হাদিসটিকে দুর্বল বলেছেন]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70085

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন